বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

ফোন : ০২২২৩৩৮৩৬৩৭
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩২
০২২২৩৩৮০০৩১-৩৫/২২৭৫
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd
ওয়েব : www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/ব্য.ন./কর্মকর্তা/টি-৪১৩/২০২৩-২০২৪/১১৯৮ তারিখ: ২৫.০৯.২০২৩ খ্রি.

# কর্মী সংক্রান্ত ঘোষণা

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার কর্মকর্তা জনাব মোঃ তাজুল ইসলাম (টি-৪১৩) এর আবেদন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে পবিত্র ওমরাহ পালনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক তাকে নিম্ন বর্ণিত শর্তাবলিতে ২৭.০৯.২০২৩ হতে ১১.১০.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে মোট ১৫ (পনেরো) দিন বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ সদয় অনুমোদনসহ পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরি প্রদান করা হয়েছে।

## শর্তাবলি

(ক) আবেদনে উল্লিখিত দেশ (সৌদি আরব) ও উদ্দেশ্য (পবিত্র ওমরাহ পালন) ব্যতীত অন্য কোন দেশ ও উদ্দেশ্যে ভ্রমণ করা যাবে না;

(খ) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে বহন করবেন এবং এতে বাংলাদেশ কৃষি ব্যাংক বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;

(গ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং সকল বেতন ভাতাদি দেশীয় মুদ্রায় প্রদেয় হবে;

(ঘ) ২৭.০৯.২০২৩ হতে ১১.১০.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে মোট ১৫ (পনেরো) দিন (যাতায়াত সময়সহ) বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ করবেন এবং ভ্রমণ সঙ্গী জনাব রাবিয়া বেগম (স্ত্রী);

(ঙ) বাংলাদেশ সার্ভিস রুলস মোতাবেক অন্য কোন বিশেষ আদেশ না থাকলে অর্জিত ছুটি মঞ্জুরির তারিখের ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটি আরম্ভ করতে হবে;

(চ) ভ্রমণের মেয়াদান্তে যথা সময়ে প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন, উক্ত অর্জিত ছুটির অতিরিক্ত কোন ছুটি ভোগ করতে পারবেন না এবং

(ছ) বহিঃবাংলাদেশ ভ্রমণ শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কে অবহিত করতে হবে।

০২। জনাব মোঃ তাজুল ইসলাম (টি-৪১৩) এর বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ সংক্রান্ত ছুটিকালীন সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার মুখ্য কর্মকর্তা জনাব মোঃ সাইদুর রহমান (এস-৪১৫৫) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তার রুটিন দায়িত্ব পালন করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৫/০৯/২০২৩

(ফেরদৌস আহম্মদ)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব মোঃ তাজুল ইসলাম (টি-৪১৩)
কর্মকর্তা
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

নং-প্রকা/এইচআরএমডি-১/ব্য.ন./কর্মকর্তা/টি-৪১৩/২০২৩-২০২৪/১১৯৮(১০) তারিখ: ২৫.০৯.২০২৩ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো:**

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৫. উপমহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কে জনাব মোঃ তাজুল ইসলাম (টি-৪১৩) এর বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণের অনুমতিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮. জনাব মোঃ সাইদুর রহমান (এস-৪১৫৫), মুখ্য কর্মকর্তা, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. নথি/মহানথি।

25/09/2023

(মোঃ আল জাবির)
উর্ধ্বতন কর্মকর্তা